# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪২২

১৫. রক্তপণ অধ্যায় (كتاب الديات)

পরিচ্ছেদঃ ২২. ইচ্ছাকৃত হত্যার সদৃশ (ভুলবশত:) হত্যার দিয়াত

بَاب الدِّيَةِ فِي شِبْهِ الْعَمْدِ

## আরবী

أَخْبَرَنَا سُلَيْمَانُ بْنُ حَرْبٍ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ أَيُّوبَ عَنْ الْقَاسِمِ بْنِ رَبِيعَةَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ دِيَةُ قَتِيلِ الْخَطَإِ شِبْهِ الْعَمْدِ وَمَا كَانَ بِالسَّوْطِ وَالْعَصَا مِنْهَا أَرْبَعُونَ فِي بُطُونِهَا أَوْلَادُهَا

## বাংলা

২৪২২. আবদুল্লাহ্ ইবনু আমর রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেনঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ “অনিচ্ছাকৃত হত্যার দিয়াত ভুলবশত হত্যার ন্যায়, যা চাবুক বা লাঠির দ্বারা সংঘটিত হয়। (এর দিয়াতের পরিমাণ হলে - একশো উট) যার মধ্যে থাকবে চল্লিশটি গর্ভবতী উট।”[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৬০১১ এবং ও মাওয়ারিদুয যাম’আন নং ১৫২৬ তে। আরও দেখুন, মুসনাদুল মাউসিলী নং ১০/৪৪। ((আবূ দাউদ, দিয়াত, ৪৫৪৭; নাসাঈ, কাসামাহ ৮/৪০, ৪২ ইবনু উমার রাদ্বিয়াল্লাহু আনহু হতে ; ইবনু মাজাহ, দিয়াত ২৬২৭ - ফাওয়ায আহমেদের দারেমীর তাহক্বীক্ব টীকা নং ২৩৮৩।- অনুবাদক ))

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82705

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন